6-3-54

এস. বি. পিকচার্সের শ্রদ্ধার্ঘ্য

মহাকবি কালিদাসের

No625.

# বিক্রম উর্বশী



পরিচালনা · মধু বসু

সুধেন্দু দত্তর প্রযোজনায়

এস. বি. পিকচার্সের শ্রদ্ধার্ঘ্য

মহাকবি কালিদাসের

# বিক্রম উর্বশী

## পরিচালনা · মধু বসু

নৃত্য পরিচালনা · সাধনা বসু ❀ সঙ্গীত · কালিপদ সেন

### ※ সংগঠনে ※

গীত রচনা : প্রণব রায় * আলোক-চিত্র শিল্পী : জয়ন্তীভাই জানি
শব্দ-যন্ত্রী : গৌর দাস * শিল্প নির্দ্দেশক : তারক বসু * সম্পাদনা : সন্তোষ গাঙ্গুলী
ষ্টুডিও ব্যবস্থাপনা : প্রমোদ সরকার * অর্কেষ্ট্রা : সুর-ও-শ্রী অর্কেষ্ট্রা
ব্যবস্থাপক : সুনীল সেন ও পরিতোষ রায় * রূপ সজ্জা : শৈলেন গাঙ্গুলী
আলোক সম্পাত : শান্তি সরকার ও ধীরেন দত্ত * স্থির চিত্র : ষ্টিল ফটো সার্ভিস
পট শিল্পী : গোবিন্দ ঘোষ * সাজ-সজ্জা : পঞ্চু দাস

প্রচার পরিচালনা : শ্রীবিধুভূষণ বন্দ্যোপাধ্যায়

### ※ সহকারীবৃন্দ ※

পরিচালনায় : ডি, কে, চ্যাটার্জি ও বঙ্কিম চ্যাটার্জি ★ সঙ্গীতে : শৈলেন রায়, ★ শব্দ-যন্ত্রে : সিদ্ধি নাগ ★ আলোক চিত্রে : দশরথ বিশ্বাল, শিশির ভট্টাচার্য্য ও রমেন্দ্র ঘোষ ★ সম্পাদনায় : তরুণ দত্ত শিল্প নির্দ্দেশে : বিশ্বনাথ চ্যাটার্জি ★ ব্যবস্থাপনায় : প্রসাদ শীল ★ নৃত্য পরিচালনা : দীপ্তেন্দু দাস রূপ সজ্জায় : অনন্ত দাস ★ আলোক সম্পাতে : তারাপদ মান্না ও ধ্রুব রায়

### ★ নেপথ্য কণ্ঠ-সঙ্গীত ★

সন্ধ্যা মুখার্জি, উৎপলা সেন, সাবিত্রী ঘোষ, গায়ত্রী বোস,
আল্পনা বানার্জি, সুকৃতি ঘোষ, শ্যামল মিত্র ও সমরেশ রায়

* নৃত্যে : লক্ষ্মী, রেখা, বেলা, শীলা, মেনকা *

**ইন্দ্রপুরী ষ্টুডিওতে আর, সি, এ শব্দ-যন্ত্রে গৃহীত ও**
**ইউনাইটেড সিনে ল্যাবরেটরীজ লিমিটেড- এ পরিস্ফুটিত**


একমাত্র পরিবেশক : শ্রীবিষ্ণু পিক্চার্স লিমিটেড

PRONABESH M
27 D, B.b.r m
Calcutta - 7

Samarendra Nath Dey. NO-625

মহাকবি কালিদাসের

# বিক্রম উর্ব্বশী




## গল্পাংশ

বেদান্তেষু যমাহুরেকপুরুষং ব্যাপ্য স্থিতং রোদসী
যস্মিন্নীশ্বর ইত্যনন্যবিষয়ঃ শব্দো যথার্থাক্ষরঃ।
অন্তর্যশ্চ মুমুক্ষুভির্নিয়মিতপ্রাণাদিভির্মৃগ্যতে
স স্থাণুঃ স্থিরভক্তিযোগসুলভো নিঃশ্রেয়সায়াস্তু বঃ॥

রাণী বিদ্যাধরী উদ্বেগ কম্পিত হৃদয়ে গুরু শুক্রাচার্য্য সমীপে নিবেদন করলেন : দৈত্যরাজ কেশী কুবের পুরী আক্রমণ করার মানসে অপরাহ্নে বহির্গত হয়েছেন। এক অ-জানা অমঙ্গল আশঙ্কায় আমার সমস্ত শান্তি আজ, কেন জানি না, বিনষ্ট হতে চলেছে।

গুরু শুক্রাচার্য্য তাকে দেবাদিদেব মহাদেবের শরণ নিতে উপদেশ দিয়ে বিদায় নিলেন।

কুবেরপুরীতে দেবতা, কিন্নর, গন্ধর্ব প্রভৃতি সকলে আমন্ত্রিত। উর্ব্বশী, চিত্রলেখা, মেনকা ও অন্যান্য অপ্সরাদের নৃত্যের ছন্দে নৃত্যগৃহমুখরিত। অকস্মাৎ দৈত্যরাজ কেশী প্রবেশ করলেন স্বসৈন্যে। থেমে গেল অপসরাদের অপূর্ব্ব নৃত্য—প্রমোদকক্ষে নেমে এল সংহারের প্রলয় তাণ্ডব—দৈত্যরাজকেশী হরণ করে নিয়ে গেলেন উর্ব্বশী ওচিত্রলেখাকে—তার রথে।



**• রূপায়ণে •**

ছন্দা দেবী, সাধনা বসু, পদ্মা দেবী, নীলিমা দাস, জয়শ্রী সেন, রাণী গাঙ্গুলী, বীরেন চ্যাটার্জি, উৎপল দত্ত, মিহির ভট্টাচার্য্য, রবি রায়, জীবন গাঙ্গুলী, ভানু বন্দ্যোপাধ্যায়, জয়নারায়ণ মুখার্জি, প্রীতিকুমার মজুমদার, মনোরমা (ছোট) ও মাষ্টার শ্যামল



উর্ব্বশী-সহচরীদের অনুরোধে, মহারাজ পুরুরবা (বিক্রম) পথে কেশীকে আক্রমণ ক'র্লেন, কিন্তু ভগবান মহাদেবের অনুগৃহীত কেশীর নিকট তাকে মেনে নিতে হলো পরাভব—হলেন তিনি বন্দী।

উর্ব্বশী ও চিত্রলেখা আনিত হলেন দৈত্য প্রাসাদে—উর্ব্বশীকে হতে হবে দৈত্যরাজের অঙ্কশায়িনী।

কুবের, মেনকা ও অন্যান্য সহচরীরা ফিরে গেলেন দেবরাজ ইন্দ্র সমীপে—নিবেদন করলেন এই বার্ত্তা।

রাণী বিস্তারধী, স্বামীকে সাবধান করে' দিলেন উর্ব্বশী মিলনের বিরুদ্ধে। কিন্তু দৈত্যরাজ কেশী উর্ব্বশীপ্রেমে বিভোর—তার অপরূপ নৃত্যে ও গানে মুগ্ধ ও আত্মাহারা। ফলে তাকে পুরুরবার হাতে বরণ করে নিতে হলো অকাল মৃত্যু।

উর্ব্বশী ও চিত্রলেখা ফিরে এলেন স্বর্গে।

পুরুরবার সাহচর্য্য উর্ব্বশীর অন্তরে ক'রেছে রেখাপাত। ইন্দ্রের ভবনে ছিল "লক্ষ্মীর স্বয়ম্বর"-এর নাট্টাভিনয়। প্রেমাস্পদ পুরুরবার ধ্যানে-বিহ্বলা উর্ব্বশী ভুলে গেলেন নাটকের সংলাপ—ফলে শাপগ্রস্থা হ'য়ে বিদায় নিতে হলো তাঁকে স্বর্গ হতে।

মর্ত্তে এলেন তিনি মহারাজ পুরুরবা সকাশে চঞ্চল হৃদয়ে।—দুটি অতৃপ্ত বিরহী হৃদয়ের হল মিলন—আনন্দে মেতে উঠলো তাদের দেহ মন।

পট্টরাণী উশিনরীর সহ্য হলো না স্বামীর এ নবপ্রেম—বিদায় নিলেন তিনি স্বামী সম্মুখ হতে,—'প্রিয়সাধন ব্রত' উদ্‌যাপন করে।

নগরীর কোলাহল হতে দূরে—বহুদূরে, অনন্ত আকাশের নীচে, শ্যামলিমার ক্রোড়ে, নির্ঝরিণীর মৃদুকল্লোলে, উর্ব্বশীর গানের সুমধুর তানে যাপন করছিলেন মহারাজা পুরুরবা তাঁর অবসর দিনগুলি। কিন্তু সহসা ভ্রান্ত ধারণার বশবর্ত্তী হ'য়ে ক্রোধে ও অভিমানে উর্ব্বশী বিক্ষুব্ধচিত্তে পুরুরবাকে ত্যাগ ক'রে চলে এলেন চ্যবন মুনির আশ্রমে—সেখানে ভূমিষ্ঠ হলো তাঁদের পুত্র যুবরাজ 'আয়ু'।


মানঅভিমান ধুয়ে মুছে গেল—উর্ব্বশীর মন চঞ্চল হয়ে উঠলো প্রিয়-মিলন আকাঙ্খায়। আশ্রমে শিশুর রক্ষণাবেক্ষণ ও শিক্ষার ভার দিয়ে ছুটে চললেন তিনি পুরুরবা মিলন প্রয়াসে—তার প্রেমাস্পদের বাহুডোরে নিজেকে ধরা দিতে।

কিন্তু আচম্বিতে পথিমধ্যে রূপান্তরিত হলেন লতায়—

প্রেম-বিহ্বল, উর্ব্বশী-প্রেমে আত্মহারা পুরুরবা উর্ব্বশীকে লতা-রূপ থেকে মুক্ত করে অধীর আগ্রহে, আবেগ ভরে বুকে টেনে নিলেন।

প্রেমিকের চিরমিলন এ মর জগতে চিরপ্রেমময় চিরবিরহী রাধিকা রঞ্জনের বোধ হয় অভিপ্রেত নয়, তাই এল তাদের চিরবিচ্ছেদ। ..........

কেমন ক'রে তা পর্দ্দার গায়ে দেখুন।



# সঙ্গীতাংশ







—এক—

মধুবনে এস মধুকর
(শোন) হৃদয় কি চায় বলিতে।
দীপশিখা বলে এস পতঙ্গ
মধুর দহনে জ্বলিতে।
(এই) বিহ্বল মাধবী নিশা
(একি) উন্মদ যৌবন তৃষা
(মোর) অন্তর ফুলবন, প্রণয়ের নন্দন
উচ্ছল কুহু কল গীতে॥
(ওগো) সুন্দর মধু প্রেম কূজনে
(নব) স্বর্গ রচিব এস দু'জনে,
(মোর) থর থর কম্পিত অনুরাগ নন্দিত
মন শুধু চায় ধরা দিতে।

—দুই—

আমি বসে আছি যার লাগিয়া
(এই) ভরা আশা-নদী তীরে।
আসিবে ওগো আসিবে
(সে যে) এ পথে আসিবে ফিরে॥
একা জেগে রই ত্রিযামা যামিনী
অভিমানে ঝরে শিথিল কামিনী
কত বসন্ত বাঁশরী বাজায়ে
কয়ে যায় ধীরে ধীরে॥
(মোর) প্রেম অনুরাগে সিক্তিত পথে
আসিবে দয়িত মোর মন-রথে
(সে যে) আসিবে আবার অভিমানে আর
আকুল অশ্রু নীরে॥

—তিন—

হৃদয় দিয়েছ কারে চম্পক বরণা
কে তব মনোচোর বল সখি বল না॥
কার তরে বল আজ
অপরূপ ফুল সাজ
তনু দেহে ঝরে এত লাবণির ঝরণা॥

ফুল বলে মনে মনে কে সে ভ্রমর
মন শুধু জানে আহা সে মনোহর
তাই বুঝি মরি মরি
রূপের এ কোজাগরী
মায়া-মৃগ তরে বুঝি
মায়াজাল রচনা॥

—চার—

তুমি তো জাননা নীরবে গোপনে
আঁখি দু'টি কার ঝরিয়া যায়।
অশ্রু-মুকুতার মালিকা গাঁথিয়া
একেলা কাহার নিশি পোহায়॥
তুমি তো দেখনি বিরহ শয়নে
নিদ্ নাহি কার জাগর নয়নে
বিকশিত কার প্রণয় পদ্ম
ঝরে গেল তব অবহেলায়॥

(তুমি) মুখ পানে মোর দেখেছ চাহিয়া
অন্তরে মোর দেখনি,
(যদি) আর কারে লয়ে তুমি সুখী হও
আমি নীরব রহিব এমনি॥
আমার বিরহ আমার বেদনা,
হে প্রিয় আমার, কভু জানাবো না,
মনোসুখে তব বাধা নাহি হব
কাঁটা হয়ে বিঁধে রবনা পায়॥

—পাঁচ—

(মোর) স্বপ্ন যেন আজ সত্য হল
হেরি রূপের ভুবন।
(কোন) শিল্পী সাধনা দিয়ে রচিল বুঝি
(এই) স্বর্গ নূতন।
একি মায়া-অঞ্জন আকাশে
একি সুখ শিহরণ বাতাসে

হেথা বুঝি মধু মাস ফুরায় না গো
(শুধু) চির যৌবন॥
(হেথা) কুসুমে লতায় মধু মিতালি
গিরি নির্ঝরে বাজে একি গীতালি
(এই) ধূলির ধরায় বুঝি নাই বিরহ
(শুধু) মধুর মিলন॥

## — কেশী নিধন স্তোত্র —

অগ্নো অগ্নো আয়াহি......
বীতয়ে গৃণানো......
হবাদাতয়ে নিহোতা
সৎযী বর্হিষি।
ল ল ল ল 'অগ্নি প্রজ্জ্বল জ্বল স্বাহা
বিদ্রাবয় বিদ্রাবয় মারয় মারয়
(শোষয় শোষয়) ছেদয় ছেদয়
দ্রাবয় দ্রাবয়

কেশী নিধনং কুরু কুরু স্বাহা।
অগ্নো আয়াহি...অগ্নো আয়াহি
ল ল ল ল 'অগ্নি' ভেদী সপ্তলোক
তীব্র তীব্র করালী
দ্রাবয় দ্রাবয় শোষয় শোষয়
মারয় মারয় কেশী........

*

১১, ৭৭৮.

## আসন্ন মুক্তি প্রতীক্ষায়

সরোজ মুখার্জির প্রযোজনায়
নিউ ইণ্ডিয়া থিয়েটার্সের নিবেদন
'দুই পুরুষ' ও 'কবি'- খ্যাত
তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের

# না

শ্রেষ্ঠাংশে · সন্ধ্যা · মলিনা · পদ্মা · সুস্মিতা সিনহা (নবাগতা)
রবীন · বিকাশ · ছবি বিশ্বাস · জহর গাঙ্গুলী প্রভৃতি

PRONABESH MAITI
27 D, Baburam Ghosh Road
Calcutta . 700040

এমার প্রডাকসনের রহস্য-রোমাঞ্চ চিত্র

# অলৌকিক

কাহিনী ও পরিচালনা · নরেশ মিত্র

এস্, বি, প্রডাকসনের নিবেদন
নিশিকান্ত বসুর

# পথের শেষে

শ্রীবিষ্ণু
পিকচার্স লিমিটেড

পরিবেশক শ্রীবিষ্ণু পিক্‌চার্স লিমিটেডের পক্ষ হইতে শ্রীবিধুভূষণ বন্দ্যোপাধ্যায় কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত। জুবিলী প্রেস্ কলিকাতা-১৩ হইতে মুদ্রিত।